দৈনিক

# ইত্তেফাক

তারিখ ২৯ DEC 2016 পৃষ্ঠা ১৪ কলাম ৬

# নাসিরনগরে প্রধান শিক্ষক ছাড়া চলছে ৫৪ সরকারি বিদ্যালয়

■ নাসিরনগর (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা

নাসিরনগর উপজেলায় প্রধান শিক্ষক ছাড়াই চলছে ৫৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। উপজেলার ১৩টি ইউনিয়নে ৫৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন প্রধান শিক্ষক না থাকায় সহকারী শিক্ষক ওই দায়িত্ব পালন করছেন। এ কারণে এসব শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক কার্যক্রম ও পাঠদান ব্যাহত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলার ১২৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে বড়নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধানতলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ঘুংগিয়াখাই সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফেদিয়ার কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, খাগালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বেরুইন সরকারি প্রাথমিক বিদ্যালয়, কদমতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়, নোয়াগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়, গোয়ালনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, আতুকুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়, গুনিয়াউক সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুন্ডা সরকারি প্রাথমিক বিদ্যালয়, আলিয়ারা সরকারি প্রাথমিক বিদ্যালয়, দৌলতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধরমন্ডল পশ্চিম সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধরমন্ডল পূর্ব সরকারি প্রাথমিক বিদ্যালয়, ধরমন্ডল নতুন সরকারি প্রাথমিক বিদ্যালয়, লালুয়ারটুক সরকারি প্রাথমিক বিদ্যালয়, রতনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুন্ডা নয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, রামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, তুল্লাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভাটপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, দুর্গাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ব্রাহ্মণশাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভোলাউক সরকারি প্রাথমিক বিদ্যালয়, রোস্তমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পতরই সরকারি প্রাথমিক বিদ্যালয়, নিশিন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, সাধন সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ ৫৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ পাঁচ থেকে সাত বছর ধরে শূন্য রয়েছে। এছাড়া উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের ৯০টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে।

উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. রবিউল আলম জানান, এ বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করা হয়েছে। সরকারি নিয়োগ সাপেক্ষে শূন্য পদগুলো পূরণ করা হবে।